5

দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৩

# দেশে শিক্ষার হার ৪২.৬ শতাংশ

স্টাফ রিপোর্টার ঃ দেশে শিক্ষার হার ক্রমেই বাড়ছে। বর্তমানে দেশে শিক্ষার হার ৪২ দশমিক ৬ শতাংশ। ১৯৯৬ সালের অর্থনৈতিক সমীক্ষায় এ তথ্য দেয়া হয়।

সমীক্ষায় বলা হয়, দেশের বর্ধিষ্ণু জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর এবং দারিদ্র্য বিমোচনের হাতিয়ার হিসাবে সর্বস্তরে শিক্ষাকে একটি অগ্রাধিকার ক্ষেত্র হিসাবে চিহ্নিত করা হয়েছে। ১৯৯০ সালে এক আইনের মাধ্যমে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়। ১৯৯২ সালে ৬৮টি থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয় এবং ১৯৯৩ সাল থেকে তা সারা দেশে সম্প্রসারিত করা হয়।